2 2336

20 Rs.




abs u/s 26c of the ... act

Admissible under Rule 21 duly stamped (~~or exempted from or does not require stamp duty~~) under the Indian Stamp Act 1899 Schedule No. 23 ........ or under the Bengal Stamp (Amendment) Act 1922 Schedule 1A No.

**Fees paid as under**

A-10f

Nil

Registering Officer

11. 6. 51

P/2C48

Kh. No. 849

Bharat Chandra Kalya

কোবালা গ্রহীতা—

শ্রীমহেন্দ্র নাথ ঘোষাল চৌধুরি
পিতা—৺কালিপ্রসন্ন ঘোষাল চৌধুরি
জাতি—হিন্দু, পেশা—বিষয়ভোগ,
সাং ৬।এইচ, বালিগঞ্জ ষ্টেশন
রোড, থানা—বালিগঞ্জ, সহর
কলিকাতা—।

কোবালা দাতা—

শ্রীভারত চন্দ্র কল্যা,
পিতা ৺মানিমোহন কল্যা,
জাতি—হিন্দু, পেশা—বিষয়ভোগ,
সাং—১৫সি একডালিয়া প্লেস,
থানা—বালিগঞ্জ, সহর—
কলিকাতা—।—

বস্তুত রায়ত স্থিতিবান স্বত্বীয় জমি জমা মায় আওলাতাদি দরবস্তু হক হকুক সাফ বিক্রয় কোবালা পত্রমিদং কার্য্যঞ্চাগে—

১৭০৫ মূল্য ২০/৫ টাকা
তাং 15. 3. 51
Sri Mahendra Nath Ghosal Chowdhury
6H, Ballygunge Str. Road, Calcutta
শিয়ালদহ মুনসেফ কোর্ট।

১৭০৫
২১৭০৫ ২০.
২১১.
২২১১.

SEAL OF THE SUB-REGISTRAR OF ... JOINT SUB-REGISTRAR ... 24 ...

... A.M. or P.M. on the day ... April 1951 at the office of the Sadar Joint Sub-Registrar at Alipore by Bharat Chandra ...
executant or Claimant ...
... power of attorney ...

Sadar joint Sub-Registrar of Alipore. 11. 4. 51

Executant is admitted by ...

Bharat Chandra Kolya
son of Late Mani Mohan Kolya
15/C, ... Road
Thana Ballygunge
District 24 Pargs
By caste ...
By profession ...

2660

Bharat Chandra Kolya

his son Nirmal Ch. Kolya
Son of The same Place & caste
of
Thana
District
By caste Student
By profession

Sadar joint Sub-Registrar of Alipore. 11. 4. 51

Nirmal Kumar Kolya.

2 Rs. 8 As.

INDIA EIGHT ANNAS INDIA TWO RUPEES EIGHT ANNAS INDIA TWO RUPEES

দো রুপয়া আঠ আনা

Sharat Chandra Kolya

জেলা ২৪ পরগণা সাব রেজেষ্ট্রী আলিপুর থানা সদর
টালিগঞ্জের অধীন মৌজা ঢাকুরিয়া জে. এল. নং ১৮, তৌজী
নং ২৩০/২৩৩, পরগণা খাসপুর, ১২১ নং খতিয়ানভুক্ত ১৫৫৬নং
দাগে .৪৭ শতক, ১৪১৮/১৬৫০ নং দাগে .৪৩ শতক, ১৪১৮/১৬৫১ নং দাগে
.১৮ শতক এবং ১২২ নং অধীনস্থ খতিয়ানভুক্ত ১৪১৮/১৬৫২ নং দাগে
.১৯ শতক মোট ১.২৭ শতক বাস্ত ভিটি বাদে স্বত্বের জমি উক্ত
তৌজীর মালিক কলিকাতা পাথুরিয়াঘাটা নিবাসী জমিদার মহারাজা
প্রদ্যোৎ কুমার ঠাকুরের অধীন বার্ষিক ৫৵৯ পাই খাজনায়
জনৈক মিটু ওস্তাগরের স্বত্ব দখলীয় সম্পত্তি থাকে। উক্ত মিটু
ওস্তাগর উক্ত জমি ভোগদখল করিতে থাকাকালে ১৫৫৬ নং
দাগের .৪৭ শতক তাহার পুত্র ইছাহাককে এবং ১৪১৮/১৬৫০ নং দাগের
.৪৩ শতক, ১৪১৮/১৬৫১ নং দাগের .১৮ শতক এবং ১৪১৮/১৬৫২ নং দাগের
.১৯ শতক মোট .৮০ শতক জমি কন্যা জিন্নুন্নেসা বিবিকে বিগত
১৩০১ সালের ২৩শে মাঘ তারিখে সম্পাদিত ও রেজে
ষ্টারী কৃত একেকেতা দান পত্র মূলে দান করিয়া নিঃস্বত্ব হয়।

পরে উক্ত

Bharat Chandra Ko...

পরে উক্ত ১৫৫৬ নং দাগের '৪৭ শতক জমি উক্ত ইছাহাক ভোগদখল করিতে থাকা কালে তাহার মৃত্যু হইলে তাহার একমাত্র ওয়ারিশ পুত্র আবদুল লতিফ উক্ত '৪৭ শতক জমি ওয়ারিশ সূত্রে প্রাপ্ত হইয়া জনৈক মন্টু সর্দারকে সন ১৩২০ সালের ১৩ই পৌষ তারিখে এক কেতা সম্পাদিত ও রেজেষ্টারী কৃত কোবালা দ্বারা বিক্রয় করে এবং উক্ত জিবুন্নেসা বিবি তাহার পিতার নিকট হইতে দানপত্র মূলে প্রাপ্ত উল্লিখিত .৮০ শতক জমি জনৈক জানদেজান বিবিকে রেজেষ্ট্রীকৃত কোবালা দ্বারা বিক্রয় করে। সে মতে ১৯৩১ সালে সার্ভে সেটেলমেন্ট হইলে উক্ত খতিয়ানে মন্টু সর্দারের নাম ও জানদেজান বিবির ওয়ারিশগণের নাম লিপিবদ্ধ হয়।

উক্ত জমিদার বাহাদুর উক্ত সম্পত্তির খাজনা বাকী পড়ায় আলিপুর প্রথম মুনসেফী আদালতে সন ১৯৩২ সালের ১৭৫ নং রেন্ট মোকদ্দমা আনয়ন করিয়া ডিক্রি প্রাপ্ত হইয়া সন ১৯৩৩ সালের ৭৭৩ নং রেন্ট জারি দিয়া নিলাম করাইলে জনৈক বেলাৎ হোসেন উক্ত ১২১ নং খতিয়ানভুক্ত .১২৭ শতক জমি খরিদ করেন। পরে পুনরায় খাজনা বাকী পড়ায় উক্ত জমীদার আলিপুরের প্রথম মুনসেফ আদালতে সন ১৯৪০ সালের ২৭৪ নং রেন্ট জারি দ্বারা উক্ত বেলাৎ হোসেনের উক্ত স্বত্ব দখলীয় সম্পত্তি বিগত ১৫/৭/১৯৪১ তারিখে নিলাম করাইলে, জনৈক জালাল আহাম্মদ উহা নিলাম খরিদ করিয়া স্বত্ববান হয়। ইতিমধ্যে উক্ত জিবুন্নেসা বিবির ওয়ারিশগন অর্থাৎ পৌত্র আবদুল গনি, আবদুল সত্তার ও পৌত্রী নূরুন্নেসা বিবি উক্ত সম্পত্তি সম্বন্ধে নিজ স্বত্ব প্রচার করিবার জন্য ১২১ নং খতিয়ানে উল্লিখিত মন্টু সর্দারের ও জানদেজান বিবির ওয়ারিশগনকে এবং বেলাৎ হোসেনের ওয়ারিশগনকে সহ ১৫/৭/৪১ তারিখে উক্ত ২৭৪ নং রেন্ট জারি মূলে নিলাম খরিদার জালাল আহাম্মদকে পক্ষভুক্ত করিয়া আলিপুরের দ্বিতীয় মুনসেফ আদালতে সন ১৯৪১ সালের ৩৭৫ নং দেওয়ানি মোকদ্দমা আনয়ন

Bharat Chakraborty

করিলে এবং উক্ত জালাল আহাম্মদের স্বত্ব বাতিল করিবার প্রার্থনা করিলে উক্ত মোকর্দ্দমায় সকল পক্ষ জবাব দাখিল করিয়া শুনানী হইলে, উক্ত মোকর্দ্দমা ২৭।৩।৪৫ তারিখে ডিসমিস্ হয় এবং তাহার বিরুদ্ধে আলিপুরের তৃতীয় এডিসন্যাল সবজজ আদালতে সন ১৯৪৫ সালের ২২৬ নং আপিল দায়ের করিলে তাহাও ২৭।৩।'৪৬ তারিখে ডিসমিস্ হয় এবং তাহার পর অবশেষে হাইকোর্টে সন ১৯৪৬ সালের ১৭৯৬ নং সেকেণ্ড আপিল দায়ের করিলে তাহাও বিগত ৭।৬।১৯৫০ তারিখে ডিসমিস হয়। কিন্তু বাকী খাজনা মোকর্দ্দমা দায়ের হইবার পূর্ব্বে জনৈক কেদার চৌবে উক্ত বেলাত হোসেনের নামে সন ১৯৩৭ সালের ৪৩৬ নং S. C. C মোকর্দ্দমা আলিপুর তৃতীয় মুনসেফ্ আদালতে আনয়ন করিয়া তাহাতে ডিক্রি প্রাপ্ত হইলে উক্ত ডিক্রি ঐ আদালতের সন ১৯৪০ সালের ১৬৩ নং সানজারি দ্বারা নিলাম করাইলে আমি কোবালাদাতা ১২১ নং খতি-য়ানের ১.২৭ শতক জমি অন্যান্য সম্পত্তি সহ বিগত ১৮।৪।১৯৪১ তারিখের প্রকাশ্য নিলামে খরিদ করিয়াছি এবং পূর্ব্বোক্ত নিলাম খরিদার জালাল আহাম্মদের বিরুদ্ধে দ্বিতীয় সবজজ আদালতে সন ১৯৫০ সালের ৮৮ নং আমার খরিদা স্বত্ব প্রচারের মোকর্দ্দমা আনয়ন করি। কিন্তু উক্ত মোকর্দ্দমা চালাইয়া খরচান্ত ও হায়রান হওয়া লাভজনক ও সমীচীন বিবেচিত না হওয়ায়, আমি আপোষে compromise করা স্থির করিয়া বিগত ১৪।৩।৫১ তারিখে উক্ত জালাল আহাম্মদের সহিত একত্রে আদালতে একটী সোলেনামা দাখিল করিয়া উক্ত মোকর্দ্দমা নিষ্পত্তি করিয়া লইয়াছি এবং জালাল আহা-ম্মদের উক্ত সম্পত্তিতে যাহা কিছু স্বত্ব ছিল, তাহা নিজস্বত্ব দূরীকরণা-র্থ ও সর্ব্ব আপত্তি খণ্ডনার্থ ষোল আনা মতে নির্দ্দায় ও নির্দ্দোষী অবস্থায় খরিদ করিয়া উহার নির্ব্যূঢ় স্বত্বের মালিক হইয়াছি।


এক্ষণে আমি উক্ত ১২১ নং খতিয়ানভুক্ত ১.২৭ শতক বসত স্থিতিবান জমি মধ্যে এত্র সংলগ্ন নকসায় লাল রংয়ে প্রদর্শিত নিম্ন তফশিলে বিশেষরূপে বর্ণিত ১৪৭৮/১৬৫২ নং দাগের উত্তরাংশে

Bharat Chandra Roy


।১৵৩০ দুয়কাঠা দুই ছটাক ত্রিশ স্কোয়ার ফিট জমি মায় সকলপ্রকার ইজমেণ্ট স্বত্বাদি সহ বিক্রয় করিবার প্রস্তাব করিলে আপনি তাহাতে সম্মত হইয়া বেলমোক্তা ১৫০০ এক হাজার পাঁচশত টাকা দিতে চাহিলে আমি উক্ত পন বাবদ ১৫০০, টাকা নিম্ন জায়মত আপনার নিকট গ্রহন করিয়া উক্ত ।১৵৩০ স্কোয়ার ফিট কাঠা জমি মায় সকল প্রকার ইজমেণ্ট স্বত্বাদি সহ যাহা নিম্ন তপশিলে বর্নিত হইল তাহাতে আমার যে কিছু স্বত্ব আছে, তাহা আপনার অনুকূলে এই সাফ বিক্রয় কোবালা দ্বারা বিক্রয় করিয়া উহা হইতে চিরকালের জন্যে নিস্বত্ব হইলাম। বিক্রীত সম্পত্তিতে আমার যে কিছু স্বত্ব, লভ্য, হক, হকিয়ত ছিল, তাহা লোপ ও রহিত হইয়া আপনার অনুকূলে বর্ত্তাইল। আপনি অদ্য হইতে আমার যাবতীয় স্বত্বে স্বত্ববান হইয়া ওয়ারিশান ও স্থলাভিষিক্তগন ক্রমে যদিচ্ছা ভোগদখল করিতে থাকুন, তাহাতে আমি বা আমার ওয়ারিশ স্থলাভিষিক্তগন ক্রমে কেহ কস্মিনকালে দাবী দাওয়া করিতে পারিব না বা পারিবে না, করিলে তাহা বাতিল ও নামঞ্জুর হইবে। প্রকাশ থাকে যে ১২১ নং খতিয়ানের অধীনস্থ ২২২ নং খতিয়ানে জনৈক মাতলা বক্স্ ওস্তাগরের নামে কোর্ফা প্রজা হিসাবে বিগত সেটেলমেণ্টে লিপিবদ্ধ হয়, উক্ত প্রজা দ্বাদশ বৎসরের বহু উর্দ্ধকাল হইতে উক্ত খতিয়ানভুক্ত $\frac{১৪১৮}{১৬৮২}$ নং দাগের জমিতে দখল পরিত্যাগ করতঃ খাজনাদি না দিয়া অন্যত্র চলিয়া যাওয়ায় তদবধি উহা সম্পূর্নরূপে আমার পূর্ব্বাধিকারীর খাসদখলে ছিল এবং এক্ষণে আমার খাসদখলে আছে এবং উক্তরূপ লিপিমূলে উক্ত প্রজার কোন স্বত্ব বা দখল নাই। প্রকাশ থাকে যে আমি ইতিমধ্যে উক্ত সম্পত্তি কোনরূপ দায়সংযুক্ত করি নাই। কোন আদালতে ক্রোকাবদ্ধ নহে বা কোন দেবোত্তর করি নাই উহা সম্পূর্ন নির্দ্দায় অবস্থায় আছে। যদি কখনও আপনার স্বত্বের বিঘ্ন ঘটে বা তজ্জন্য ক্ষতি খেসারৎ হয়, তাহা হইলে আমি ওয়ারিশগন ক্রমে তাহা পূরন করিতে বাধ্য থাকিব। আরও প্রকাশ থাকে যে আমার স্বত্বসংক্রান্ত যাবতীয় কাগজপত্রাদি আমার অপরাপর সম্পত্তি সংক্রান্ত থাকায় তাহা আপনাকে দিতে পারিলাম না, আবশ্যক মতে তাহা আপনাকে বা আপনার ওয়ারিশান ও স্থলাভিষিক্তগনকে দর্শাইতে আমি ওয়ারিশান ও স্থলাভিষিক্তগন ক্রমে বাধ্য থাকিব।

এতদর্থে সুস্থ শরীরে সরলান্তঃকরনে অন্যের বিনানুরোধে পনের সম্পূর্ন টাকা গ্রহন করতঃ অত্র সাফ বিক্রয় কোবালা পত্র সম্পাদন করিয়া দিলাম। ইতি ইং সন ১৯৫১। ১১ই এপ্রেল।

LAND PLAN OF C.S DAG Nos 1418/1650, 1418/1651 & 1418/1652. KHATIAN 121.
MOUZA. DHAKURIA, P.S. TOLLYGUNGE. DISTT. 24 PARGANAS.
SCALE:- ONE INCH = FIFTY FEET.




LAND SOLD TO. MAHENDRA. NATH. GHOSAL. CHOUDHURY.
COLOURED RED. AREA IT K. 6. 2. 30 SFT.
PART OF C. S. DAG No 1652.




Bharat [illegible] Kolya

S. DUTT.
SURVEYOR & DRAUGHTSMAN.
2/1 TELIPARA LANE. DHAKURIA.

Plan attached to

Book no I

Volume no 44

Page no 139

Being no 2336

for the year 1951

Sadar joint Sub Registrar of Alipore,

12.4.51.

11.4.51

Sadar joint Sub-Registrar
of Alipore.

(৩)

Bharat Chandra Kolya

তপশিল —
সম্পত্তির বিবরন। —

জেলা ২৪ পরগনা সাবরেজেষ্ট্রী আলিপুর, থানা সদর টালি-গঞ্জের অধীন মৌজা ঢাকুরিয়া, জে: এল: নং ১৮, তৌজী নং — ২৩০।২৩৩, পরগনা — মাগুরা, ২২১ নং খতিয়ানভুক্ত ১৫৫৬ নং দাগে ডাঙ্গা '৪৭ শতক, $\frac{১৪১৮}{১৫৫০}$ নং দাগে বাগান '৪৩ শতক, $\frac{১৪১৮}{১৫৫১}$ নং দাগে পুকুর '১৮ শতক এবং ১২২ নং অধীনস্থ খতিয়ানভুক্ত খালি '১৯ শতক মোট ১'২৭ শতক বাস্তু স্থিতিবান স্বত্বীয় জমি যাহার বার্ষিক খাজানা ৫৷৴৯ পাই পাথুরিয়াঘাটা নিবাসী জমিদার শ্রী প্রবীরেন্দ্র মোহন ঠাকুরের সেরেস্তায় আদায় দিতে হয়। উক্ত ১'২৭ শতক জমি মধ্যে $\frac{১৪১৮}{১৫৫২}$ নং দাগের '১৯ শতক জমির উত্তরাংশে অত্র সংলগ্ন নকসায় লাল রংএ প্রদর্শিত ।১৷৴৩০ ছয় কাঠা দুই ছটাক প্রায় স্কোয়ার ফিট বা '১০ শতক জমি সাং সকল প্রকার ইজমেন্ট স্বত্বাদি সহ বিক্রীত সম্পত্তি। ইহার হারাহারি খাজানা ।২/. আনা। জমিদারের খতিয়ান নং — ৫৪।৫৫। বিক্রীত সম্পত্তিতে কোন খারিজ প্রজা নাই। বিক্রীত জমি হালতু ইউনিয়ন বোর্ডের এলাকাধীন। —

টাকার জায় —

১০০, টাকা হিসাবে — ১৫ কেতা — ১৫০০,

মং এক হাজার পাঁচশত টাকা মাত্র।

Bharat Chandra Kolya

স্বাক্ষী —

Sudhir Ranjan Choudhury
6 H Ballygunge Station Rd

Benode Lal Mowlick
6 H, Ballygunge station Road

লেখক — শ্রী তারকনাথ মুখোপাধ্যায়, ১নং বৈষ্ণবঘাটা ...

Registered

N-8-

Book No. 1
Volume No. 44
Pages 138 to 142
Being No. 2336
For the Year 1951

SEAL OF THE SADAR JOINT SUB REGISTRAR OF ALIPUR. 24 PARGANAS.

11.4.51

Sadar joint Sub-Registrar
of Alipore.

SEAL OF THE SADAR JOINT SUB REGISTRAR OF ALIPUR. 24 PARGANAS.

Sadar joint Sub-Registrar
of Alipore.
12.4.51